# সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৪৫৮৪

৩৫/ সুন্নাহ (كتاب السنة)

পরিচ্ছেদঃ ৯. খিলাফাত সম্পর্কে।

## باب فِي الْخُلَفَاءِ

আরবী

حَدَّثَنَا حَفْصُ بْنُ عُمَرَ أَبُو عُمَرَ الضَّرِيرُ، حَدَّثَنَا حَمَّادُ بْنُ سَلَمَةَ، أَنَّ سَعِيدَ بْنَ إِيَاسٍ الْجُرَيْرِيَّ، أَخْبَرَهُمْ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ شَقِيقٍ الْعُقَيْلِيِّ، عَنِ الأَقْرَعِ، مُؤَذِّنِ عُمَرَ بْنِ الْخَطَّابِ قَالَ بَعَثَنِي عُمَرُ إِلَى الأُسْقُفِّ فَدَعَوْتُهُ فَقَالَ لَهُ عُمَرُ وَهَلْ تَجِدُنِي فِي الْكِتَابِ قَالَ نَعَمْ . قَالَ كَيْفَ تَجِدُنِي قَالَ أَجِدُكَ قَرْنًا . فَرَفَعَ عَلَيْهِ الدِّرَّةَ فَقَالَ قَرْنٌ مَهْ فَقَالَ قَرْنٌ حَدِيدٌ أَمِينٌ شَدِيدٌ . قَالَ كَيْفَ تَجِدُ الَّذِي يَجِيءُ مِنْ بَعْدِي فَقَالَ أَجِدُهُ خَلِيفَةً صَالِحًا غَيْرَ أَنَّهُ يُؤْثِرُ قَرَابَتَهُ . قَالَ عُمَرُ يَرْحَمُ اللَّهُ عُثْمَانَ ثَلاَثًا فَقَالَ كَيْفَ تَجِدُ الَّذِي بَعْدَهُ قَالَ أَجِدُهُ صَدَأَ حَدِيدٍ فَوَضَعَ عُمَرُ يَدَهُ عَلَى رَأْسِهِ فَقَالَ يَا دَفْرَاهُ يَا دَفْرَاهُ . فَقَالَ يَا أَمِيرَ الْمُؤْمِنِينَ إِنَّهُ خَلِيفَةٌ صَالِحٌ وَلَكِنَّهُ يُسْتَخْلَفُ حِينَ يُسْتَخْلَفُ وَالسَّيْفُ مَسْلُولٌ وَالدَّمُ مُهْرَاقٌ . قَالَ أَبُو دَاوُدَ الدَّفْرُ النَّتْنُ .

বাংলা

৪৫৮৪. হাফ্‌স ইবন উমার (রহঃ) .... আকরা (রাঃ) থেকে বর্ণিত, যিনি উমার ইবন খাত্তাব (রাঃ)-এর মুয়াজ্জিন ছিলেন। তিনি বলেনঃ উমার (রাঃ) আমাকে নাসারাদের একজন পাদরীর কাছে পাঠান। তখন আমি তাকে ডেকে আনি। তখন উমার (রাঃ) তাকে জিজ্ঞাসা করেনঃ আমার কোন অবস্থার বর্ণনা তোমাদের কিতাবে আছে কি? সে বলেঃ হ্যাঁ। তিনি বলেনঃ তা কিরূপ। তখন সে পাদরী বলেঃ 'কারনা' হিসাবে আপনাকে পাই। তখন উমার (রাঃ) তার উপর দোররা উঠিয়ে বলেনঃ 'কারনা' কি? তখন সে বলেঃ আমানতদার, মজবূত এবং শক্তিশালী।

উমার (রাঃ) বলেনঃ আমার পরে যে খলীফা হবে, তার অবস্থা কি? সে বলেঃ আমি তাকে নেককার খলীফা মনে করি, তবে তিনি তাঁর আপনজনদের খেয়াল বেশী রাখবেন। তখন উমার (রাঃ) বলেনঃ আল্লাহ্ উছমানের উপর রহম করুন! তিনি একথা তিনবার বলেন। এরপর তিনি জিজ্ঞাসা করেনঃ তার পরে যে খলীফা হবে সে ব্যক্তির অবস্থা কি? সে বলেঃ তিনি তো লোহার প্রতি আকৃষ্ট হবেন, (অর্থাৎ তিনি সব সময় যুদ্ধ-বিগ্রহে ব্যস্ত থাকবেন)।

তখন উমার (রাঃ) তার মাথায় হাত রেখে বলেনঃ হে খাবীছ, দুর্গন্ধ! তুমি কি বলছো! তখন সে বলেঃ হে আমীরুল মু’মিনীন! তিনি নেককার খলীফা হবেন। তবে যখন তিনি খলীফা হবেন, তখন তলোয়ার কোষমুক্ত থাকবে এবং রক্তপাত হতে থাকবে।

## English

Narrated Umar ibn al-Khattab:

Al-Aqra', the mu'adhdhin (announcer) of Umar ibn al-Khattab said: Umar sent me to a bishop and I called him.

Umar said to him: Do you find me in the Book? He said: Yes. He asked: How do you find me? He said: I find you (like a) castle. Then he raised a whip to him, saying: What do you mean by castle? He replied: An iron castle and severely trustworthy. He asked: How do you find the one who will come after me? He said: I find him a pious caliph, except that he will prefer his relatives. Umar said: May Allah have mercy on Uthman: He said it three times. He then asked: How do you find the one who will come after him?

He replied: I find him like rusty iron. Umar then put his hand on his head, and said: O filthy! O filthy! He said: Commander of the Faithful! He is a pious caliph, but when he is made caliph, the sword will be unsheathed and blood will be shed.

Abu Dawud said: Al-dafr means filth or evil smell.

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=36690

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন